একটি রেফেরাল ফর্ম পূরণ করার পর কি হয়?

একবার একটি রেফেরাল ফর্ম পাওয়া গেলে, সাহায্যকারী স্টাফ সার্ভিস ব্যবহারকারীর সাথে দেখা করবেন আমাদের সার্ভিস সম্পর্কে বুঝিয়ে বলবেন এবং তাদের চাহিদার একটি অ্যাসেসমেন্ট করবেন। যদি তাদের চাহিদা আমাদের আওতার মধ্যে পড়ে তাহলে সাহায্য দেওয়া হবে এবং কবে থেকে সাহায্য দেওয়া হবে সেই ব্যাপারে একটি ইঙ্গিত দেওয়া হবে।

কে সাহায্য প্রদান করে ?

আমাদের বর্তমানে ২ জন স্টাফ রয়েছেন এবং একজন প্রজেক্ট ম্যানেজার রয়েছেন যিনি সার্ভিসটির সর্বোপরি দেখাশুনা করেন। আমাদের টিমের মধ্যে পাঞ্জাবী, পাহারী, হিন্দী, উর্দু, বাংলা এবং ইংরেজী বলতে পারেন এমন কর্মচারী রয়েছেন।

সাপোর্টিং পিপল কি?

সাপোর্টিং পিপল একটি সরকারী উদ্যোগ, হাউজিং সংক্রান্ত সাহায্য প্রদান করে যেন মানুষ কমিউনিটিতে স্বাধীনভাবে থাকতে পারেন। এটি সমাজের দূর্বল ব্যক্তিদের তাদের জীবনের মান উন্নত করার জন্য ইতিবাচক সার্ভিস প্রদান করে যা তাদেরকে আরও বেশী স্বাধীনতা দেয় এবং তাদের জীবনের ব্যাপারে বিভিন্ন সিদ্ধান্ত নিতে সাহায্য করে।

এশিয়ান মহিলাদের প্রজেক্ট

টেলিফোন: 01706 647 693

ফ্যাক্স: 01706 649 868

ই-মেইল: admin@peoplefirsthousing.co.uk

পিপল ফার্স্ট এছাড়াও টেমসাইড, ম্যানচেষ্টার এবং চেশায়ারে সাহায্য প্রদান করে। এই ব্যাপারে আরও তথ্যের জন্য যোগাযোগ করুন আমাদের হেড অফিসে 0161 226 1917 এই নম্বরে।

পিপল ফার্স্ট হাউজিং অ্যাসোসিয়েশন ইন্ডাস্ট্রিয়াল এবং প্রভিডেন্ট সোসাইটিজ অ্যাক্ট ১৯৬৫ অনুযায়ী রেজিস্টারকৃত। রেজিস্ট্রেশন নম্বর 27746R এটি একটি চ্যারিটি সংস্থা।

People First

পিপল ফার্স্ট

পিপল ফার্স্ট হাউজিং অ্যাসোসিয়েশন
স্থানীয়ভাবে কমিউনিটির নেতৃত্বাধীন

এশিয়ান মহিলাদের প্রজেক্ট
রচডেল

পিপল ফার্স্ট একটি স্থানীয় কমিউনিটির নেতৃত্বাধীন হাউজিং অ্যাসোসিয়েশন। এই প্রতিষ্ঠানটির প্রকৃতি এটির চাহিদা মেটানোর ব্যবস্থা, জাতিগতভাবে এর উপযুক্ততা ইত্যাদি ব্যাপারে এটিকে ঘিরে যে অসংখ্য প্রশ্ন রয়েছে সেই ব্যাপারে একটি অনবদ্য অন্তর্জ্ঞান প্রদান করে।

Bangla/Asian Womem's Project
Rochdale

মানুষ যেন সমানভাবে পিপল ফার্স্ট এর সব সার্ভিসগুলো পেতে পারে সেটা প্রচার করাই তাদের লক্ষ্য

আমরা কারা?

এশিয়ান মহিলাদের প্রজেক্টটি রচডেলে অবস্থিত এবং দক্ষিণ এশিয়ার মহিলাদের মানসিক স্বাস্থ্য সংক্রান্ত সাহায্য প্রদান করে। এটি পিপল ফার্স্ট সহ কমিউনিটি রিস্টার্ট টিমের সাথে মিলে পরিচালিত হয়।

আমরা কি ধরনের সাপোর্ট দিয়ে থাকি?

আমরা কোনো মহিলার অ্যাসেসমেন্ট এবং যেসব চাহিদা স্বীকৃত হয়েছে সেগুলোর উপর ভিত্তি করে বিভিন্ন ধরনের এবং বিভিন্ন লেভেলের সাহায্য দিয়ে থাকি। এতে অন্যান্য জিনিসের সাথে অন্তর্ভুক্ত হতে পারে।

- হাউজিং বা বাসস্থান সংক্রান্ত পরামর্শ: বাড়ীতে থাকা এবং বাড়ীটি বজায় রাখা, ভাড়া দেওয়া, বাড়ীর নিরাপত্তা নিশ্চিত করা, বাড়ীর মেরামত এবং উন্নতির ব্যাপারে পরামর্শ ও সাহায্য।

- নিজেদের শক্তিশালী করা: সার্ভিস ব্যবহারকারীদের তাদের ব্যক্তিগত পারিবারিক জীবনের দক্ষতা, সামাজিক দক্ষতা এবং তাদের ব্যবহার পরিচালনা করার উন্নতির ব্যাপারে পরামর্শ দেওয়া হয়। এছাড়াও আমরা সার্ভিস ব্যবহারকারীদের আবেগজনিত সাহায্য, পরামর্শ এবং স্থানীয় কমিউনিটি সার্ভিসগুলো যেমন কাউন্সেলিং, বন্ধুত্ব করা, শিক্ষা এবং আরো অনেক কিছু।

- লিয়াঁজো বা সমন্বয় করা: অন্যান্য সার্ভিসপ্রদানকারীদের সাথে যেমন কমিউনিটি মানসিক স্বাস্থ্য টিমের, জিপি এবং ওয়েলফেয়ার পরামর্শদাতাদের সাথে সমন্বয়।

- স্বাস্থ্য বিষয়: স্বাস্থ্যকে মনিটর করা এবং ভালো থাকা, একজন সার্ভিস ব্যবহারকারীকে সাহায্য করা মেডিকেল অ্যাপয়েন্টমেন্ট, খাবার দাবার পরিকল্পনা করা, ব্যায়াম করতে এবং সাঁতারের ক্লাশে যেতে।
- বাজেট করা: ঋণ পরিচালনা করা, আর্থিক এবং বেনেফিট ক্লেইম করার সাহায্য।

- সাংস্কৃতিক বিষয়সমূহ: আইনী সার্ভিসগুলোকে বিশেষ বিশেষ সাংস্কৃতিক তথ্য প্রদান, কমিউনিটিতে যেসব সাহায্যকারী জিনিস রয়েছে এবং চিকিৎসার সার্ভিস।

কে সাহায্য পেতে পারেন?

এই সার্ভিসটি সব বয়সী দক্ষিণ এশিয়ান মহিলাদের যারা একলা আছেন অথবা যাদের বাচ্চা রয়েছে এবং মানসিক স্বাস্থ্য সমস্যা আছে তাদের জন্য গঠন করা হয়েছে। সাধারণত: সার্ভিস ব্যবহারকারীর বাড়ীতেই এই সাহায্য দেওয়া হয়।

এই সার্ভিস কতদিন ধরে দেওয়া হয়?

এটি সার্ভিস ব্যবহারকারীর উপর নির্ভর করে, তবে প্রায় দুবছর সময় পর্যন্ত দেওয়া হতে পারে। সার্ভিস ব্যবহারকারীর সাথে পরিকল্পনা করে এবং আলোচনা করে তবেই সার্ভিস বন্ধ করা হয়।

আপনার ব্যাপারে কাকে জানানো হবে?

আমাদের সার্ভিস ব্যবহারকারীদের সম্বন্ধে আমরা যদি কোনো তথ্য রাখি অথবা আবিষ্কার করি তাহলে তা তাদের অনুমতি ছাড়া কাউকে জানানো হবে না যদি না কোনো ব্যতিক্রমধর্মী পরিস্থিতির অবতারণা হয়। উদাহরণস্বরূপ, আমাদের যদি দুশ্চিন্তা থাকে যে কারুর নিজেদের অথবা অন্যদের ক্ষতি করার গুরুতর ঝুঁকি আছে। তাহলে আইনসঙ্গতভাবে আমরা তা পালন করি।

কমিউনিটি সাপোর্টের লক্ষ্য কি?

পিপল ফার্স্ট কমিউনিটি সাপোর্ট সার্ভিস জাতিগতভাবে সংবেদনশীল সাহায্যকারী সাপোর্ট সার্ভিস প্রদান করে । যেসব ব্যক্তিকে অ্যাসেস করা হয়েছে তাদের বাড়ীগুলোকে বজায় রাখতে বাসস্থান সংক্রান্ত সাহায্য প্রয়োজন । এটা করার মাধ্যমে আমাদের লক্ষ্য হল আমরা আরও বেশী দিন টিকে থাকবে এমন ভাড়াটে, কমিউনিটির নিরাপত্তা, স্বাস্থ্যের উন্নতি এবং ব্যক্তির জীবনের মান উন্নয়নের ব্যাপারে অবদান রাখতে পারি।

সাহায্য করার খরচ কিভাবে মেটানো হয়?

সাপোর্টিং পিপল রচডেল মেট্রোপলিটান বারা কাউন্সিল থেকে প্রাপ্ত গ্রান্ট বা অনুদান পিপল ফার্স্ট এর মাধ্যমে দেওয়া সাহায্যকে ফান্ডপ্রদান করে। সার্ভিস ব্যবহারকারীর এই সার্ভিসের জন্য কোনো খরচ দিতে হয় না।

সার্ভিসটি কিভাবে পাওয়া যাবে?

সার্ভিস ব্যবহারকারীর পক্ষ থেকে অন্যান্য এজেন্সীগুলো আমাদের কাছে রেফার করতে পারবেন। আমরা কেউ নিজে থেকে আসলেও তাদের সাহায্য করি। যারা উপযুক্ততার শর্তাবলীর মধ্যে পড়েন তাদের জন্য আমাদের এমন কোনো স্বয়ংক্রিয় বহিষ্কারের পদ্ধতি নেই।

কিন্তু যেকোনো ঝুঁকি কিভাবে সামলানো হবে সেটা বিবেচনা করতে হবে। এই লিফলেটের পেছনদিকে দেওয়া নম্বরের মাধ্যমে আমাদের অফিসে যোগাযোগ করে রেফেরাল ফর্ম পাওয়া যেতে পারে।